

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং- ৪৬.০৪২.০১১.০১.০০.১২৭.২০১২. ২৭৪৬


আষাঢ় ১৪২৩  
তারিখঃ ২৬ জুলাই ২০১৬

বিষয়ঃ কিশোরগঞ্জ জেলার নবনির্মিত নির্মানাধীন অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার/ডাকবাংলো/লাইব্রেরীতে দৈনিক মজুরী ভিত্তিতে লোক নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ কিশোরগঞ্জ জেলা পরিষদের স্মারক নং- জেপকি/২০১৬/১২৭২, তারিখঃ ৩/১/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, কিশোরগঞ্জ জেলা পরিষদ কর্তৃক নির্মিত/নির্মানাধীন অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টার/ডাকবাংলো/লাইব্রেরীতে দৈনিক মজুরী ভিত্তিতে লোক নিয়োগের বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে নিম্নে বর্ণিত তথ্যাদিসহ আগামী ২৮/৭/২০১৬ তারিখের একটি সুস্পষ্ট প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১) কিশোরগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন বর্তমানে নির্মিত/নবনির্মিত/নির্মানাধীন ডাকবাংলো ও অডিটরিয়ামের সংখ্যা কত?
- ২) কতজন দৈনিক মজুরী ভিত্তিতে কর্মরত রয়েছে; তারা কোথায় কোন ডাকবাংলো ও অডিটরিয়ামে কাজ করছে;
- ৩) ডাকবাংলো, অডিটরিয়ামের গত ১ বছরের আয় ব্যয়ের হিসাব ছক আকারে তথ্য প্রেরণ; আয় ব্যয় অনুযায়ী প্রতিটি ডাকবাংলো, অডিটরিয়ামে দৈনিক মজুরী ভিত্তিতে লোক নিয়োগের প্রয়োজন রয়েছে কিনা?
- ৪) জেলা পরিষদে দৈনিক মজুরী ভিত্তিতে কোন লোক কর্মরত রয়েছে কিনা; থাকলে তাদের কাজ কি?
- ৫) প্রস্তাবিত ৯টি ডাকবাংলো/অডিটরিয়াম/ লাইব্রেরীতে লোক নিয়োগের প্রয়োজন রয়েছে কিনা?

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

উপ-পরিচালক  
স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

অনুলিপিঃ

- ১। প্রশাসক, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।